মাদ্রাসা এর ওয়েব সাইটে আপলোড করা হলো।
Jannatun Nahar
২৭/০৯/২০২২

জান্নাতুন নাহার
আইডি নং-২৬০০৪
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০০.১৮.০০১.১৭.১৮৮৭

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মাদ্রাসায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী নিয়োগে ব্যবহারিক পরীক্ষা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী বিভিন্ন মাদ্রাসায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী পদ রয়েছে। এসব পদের দায়িত্ব মাদ্রাসার দাপ্তরিক ও শিক্ষা কার্যক্রমে কম্পিউটারের বাস্তব ব্যবহারের সাথে সংশ্লিষ্ট। এসব পদের কম্পিউটারের দক্ষতা নিশ্চিতকরণের লক্ষ্যে কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/পার্সোনেল এর মাধ্যমে যথাযথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। কম্পিউটার পরিচালনায় দক্ষ প্রার্থী নিয়োগ করা না হলে মাদ্রাসার দাপ্তরিকসহ অন্যান্য কার্যক্রম দারুণভাবে ব্যাহত হয়। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশের সকল মাদ্রাসায় কম্পিউটারে দক্ষ জনবল নিয়োগ করা জরুরী হয়ে পড়েছে।

NTRCA বহির্ভুত বিভিন্ন পদে নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃক গঠিত নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়। অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী এই তিনটি পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বোর্ডের তত্ত্বাবধানে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/পার্সোনেল এর মাধ্যমে নিম্নরূপ ব্যবহারিক **পরীক্ষা** গ্রহণ করতে হবে:-

**অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর:-**

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| ইংরেজী | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |
| আরবী | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

**কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী:-**

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| ইংরেজী | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

(১) বাংলা, ইংরেজী ও আরবী সকল প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫ % (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

(৪) standard aptitude test-এ উত্তীর্ণ হতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় **পরীক্ষক হিসেবে** যুব উন্নয়ন অধিদপ্তরের যুব প্রশিক্ষণ কেন্দ্র, আইসিটি অধিদপ্তর/বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রধান/আঞ্চলিক/জেলা/উপজেলা কার্যালয়, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে কর্মরত **সিস্টেম এনালিষ্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/ডাটা এন্ট্রি অপারেটর/কম্পিউটার অপারেটরসহ** কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/পার্সোনেল কিংবা কোন মাদ্রাসার এমপিওভুক্ত ও কম্পিউটারে দক্ষ আইসিটি শিক্ষককে নিয়োজিত করতে হবে। **ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।** মাদ্রাসার উল্লিখিত পদে নিয়োগ সমাপনান্তে এমপিওভুক্তির আবেদনে অন্যান্য ডকুমেন্টের সাথে **ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের ফলাফল শীটও** দাখিল করতে হবে।

এমতাবস্থায় এখন থেকে সকল কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসায় **অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী** পদে নিয়োগের ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/পার্সোনেল এর মাধ্যমে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের উপরে বর্ণিত প্রক্রিয়ায় ব্যবহারিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হইল।

১৯-৯-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার......(সকল
কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০০.১৮.০০১.১৭.১৮৮৭/১(১১) তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়, কারিগরি ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

২) অতিরিক্ত সচিব, (মাদ্রাসা),কারিগরি ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

৩) মহাপরিচালক/পরিচালক/................................।

৪) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫) চেয়ারম্যান,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা, .

৬) জেলা প্রশাসক .......(সকল) [ আওতাধীন মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]।

৭) উপজেলা নির্বাহী অফিসার............(সকল)।

৮) জেলা শিক্ষা অফিসার........(সকল)।

৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার...........(সকল)[আওতাধীন মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

১০) সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।(উপপরিচালক-প্রশাসনকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

১৯-৯-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক